[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

প্রচারণ ও গ্রাম শান্তি সভা

কাথুলী ইউনিয়ন কৃষক লীগের উদ্যোগে উন্নয়নের ডিজিটাল প্রচারণ ও গ্রাম শান্তি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সন্ধ্যা ৭ সময় এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এ সময় বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়ন ১৫ মিনিটের ভিডিও চিত্রের মাধ্যমে তুলে ধরে অনুষ্ঠানের সূচনা হয়।

অনুষ্ঠানে ১ নং কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান রেজার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারন সম্পাদক ওয়াসীম সাজ্জাদ লিখন,বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, উপস্থিত ছিলেন গাংনী উপজেলা কৃষক লীগের সাধারন সম্পাদক মশিউর রহমান পলাশ, কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সাধারন সম্পাদক স্বাধীন আলী। কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সকল ওয়ার্ড সভাপতি ও সাধারন সম্পাদক বৃন্দ।উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন পরিষদের মেম্বার জিনারুল ইসলাম ও ইউনিয়ন কৃষক লীগের সাংগঠনিক সম্পাদক, ইউ পি সদস্য আনারুল ইসলাম, বাবলু হোসেন,সাবেক ইউ পি সদস্য হারুনর রশীদ কৃষক লীগ নেতা মিজারুল ইসলাম, মনিরুল ইসলাম, বিশারত আলী ও, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক ও কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সহ সভাপতি শাহীন আলম, গাংনী উপজেলা ছাত্রলীগের সহ সভাপতি পলাশ আহম্মেদ, সহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

এ সময় প্রধান অতিথি ও বিশেষ অতিথি বৃন্দ তাদের বক্তব্যে আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন কে কেন্দ্র করে প্রধান মন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন কার্যক্রম তুলে ধরে জনগনের কাছে শেখ হাসিনার জন্য নৌকা মার্কায় ভোট চেয়ে গাড়াবাড়ীয়া বাজারে স্লোগানে স্লোগানে মুখরিত করে তোলেন। সভাপতির বক্তব্যের মাধ্যমে সভার সমাপ্তি ঘটে।

মুজিবনগরে ইন্টারনেট পরিষেবা

আম্বার আইটি এর অফিস উদ্বোধন

স্মার্ট বাংলাদেশ গঠনে স্বল্প খরচে ঘরে ঘরে ইন্টারনেট পরিষেবা পৌছিয়ে দেওয়ার লক্ষ্যে মুজিবনগরের দারিয়াপুরে ইন্টারনেট কোম্পানী আম্বার আইটির উপজেলা অফিসের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকেলে আম্বার আইটি এর এজিএম হেড অফ রিটেইল মহসিন আলম এর সভাপতিত্বে অফিস উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ফিতাকেটে অফিস এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের এক নম্বর ওয়ার্ড সদস্য ও প্যানেল চেয়ারম্যান আজিমুল বারী মুকুল,বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ও ওয়ার্ড সদস্য মি:বাবুল মল্লিক। আম্বার আইটি এর চ্যানেল পার্টনার সাংবাদিক ডালিম সানোয়ারের সঞ্চালনায় এ সময় উপস্থিত ছিলেন, আম্বার আইটি এর কর্মকর্তা, কর্মচারি ও আম্বার আইটি এর গ্রাহক ও সুধিবৃন্দ।

এ সময় ইন্টারনেট কোম্পানি আম্বার আইটি এর পক্ষ থেকে প্রধান অতিথি ও বিশেষ অতিথি বৃন্দকে সম্মানসূচক ক্রেস্ট প্রদান করা হয়।

যেভাবে হোয়াটসঅ্যাপে ভিডিওবার্তা পাঠাবেন

পরিচিতদের সঙ্গে সহজে যোগাযোগের সহজমাধ্যম হলো হোয়াটসঅ্যাপ। এতদিন বার্তা বা ছবি আদান-প্রদান, ভয়েস ও ভিডিওকলের সুযোগ মিললেও সম্প্রতি ভিডিওবার্তা পাঠানোর সুযোগ চালু করেছে হোয়াটসঅ্যাপ। আইফোনের পাশাপাশি অ্যান্ড্রয়েড অপারেটিং সিস্টেমে চলা ফোন থেকে সহজেই এ সুবিধা ব্যবহার করা যায়।

ভিডিওবার্তা পাঠানোর জন্য প্রথমে হোয়াটসঅ্যাপে নির্দিষ্ট ব্যক্তি বা গ্রুপের চ্যাট অপশনে প্রবেশ করতে হবে। এর পর

অডিওবার্তা পাঠানোর আদলে মাইক্রোফোন বাটন ট্যাপ করে ভিডিও মেসেজ বাটন নির্বাচন করতে হবে।

এবার বাটনটি ট্যাপ করার পর ভিডিও আইকন চেপে ধরে ভিডিও রেকর্ড করতে হবে। বাটন থেকে আঙুল তুলে নিলেই রেকর্ড করা ভিডিওবার্তাটি স্বয়ংক্রিয়ভাবে পোস্ট হয়ে যাবে।

উল্লেখ্য, ভিডিওবার্তার মাধ্যমে সর্বোচ্চ ৬০ সেকেন্ডের ভিডিও পাঠানো যায়। ফলে চাইলে ভিডিওবার্তার মাধ্যমে বন্ধু বা পরিচিতদের জন্মদিনের শুভেচ্ছা জানানোর পাশাপাশি গুরুত্বপূর্ণ তথ্য বা অন্যদের বার্তার প্রতিক্রিয়াও জানানো সম্ভব।

সূত্র: যুগান্তর

আগস্ট থেকে চলবে না অ্যান্ড্রয়েডের কিছু ভার্সন

গুগল জানিয়েছে অ্যান্ড্রয়েড কিটক্যাট রয়েছে এমন ফোনগুলোতে আর সাপোর্ট দেবে না গুগল। এখন থেকে যেসব ফোনে অ্যান্ড্রয়েড কিটক্যাট রয়েছে সেসব ফোনে আর কোনো সাপোর্ট পাওয়া যাবে না। ১০ বছর আগে ২০১৩ সালে অ্যান্ড্রয়েড ৪.৪ বা কিটক্যাট এনেছিল গুগল। বহু পুরাতন এই অপারেটিং সিস্টেমটিকে এবার বন্ধ করছে গুগল। আর বন্ধ করার জন্য তারা সব প্রস্তুতিই নিয়েছে।

২০২৩ সালের মে মাস পর্যন্ত নতুন ও পুরনো মিলিয়ে সমস্ত অ্যান্ড্রয়েড সাপোর্টেড ফোনই গড়পড়তায় সর্বশেষ যে আপডেট পেয়েছিল তা হল অ্যান্ড্রয়েড ১১। যার কোডনেম রেড ভেলভেট কেক। বেশির ভাগ অ্যান্ড্রয়েড ব্যবহারকারীর ফোনে এই অপারেটিং সিস্টেমটিই রয়েছে। তবে আশ্চর্যজনক একটি বিষয়ও সেই রিপোর্ট থেকে উঠে এসেছে, তা হল প্রায় ১৫ মিলিয়নেরও বেশি ডিভাইস রয়েছে যেগুলো এখনও অ্যান্ড্রয়েড কিটক্যাট দ্বারা চালিত।

যদিও অ্যানড্রয়েডের অন্যান্য অপারেটিং ভার্সনগুলোর সঙ্গে তুলনা

করলে বিশ্বজুড়ে কিটক্যাট সাপোর্টেড ডিভাইসের সংখ্যা মাত্ ০.৫ শতাংশ। এই ব্যবহারকারীর সংখ্যা একেবারেই শূন্য করতে চাচ্ছে গুগল। তাই তারা ১ আগস্ট থেকে অ্যান্ড্রয়েড কিটক্যাটে সাপোর্ট দেওয়া বন্ধ করে দিয়েছে।

বিনামূল্যে নিজেদের কৃত্রিম বুদ্ধিমত্তা দিচ্ছে মেটা

কৃত্রিম বুদ্ধিমত্তার দৌড়ে গুগল ও মাইক্রোসফট নিজেদের গোপন রাখতে সতর্ক। নিজেদের কৃত্রিম বুদ্ধিমত্তার মডেল তারা উন্মুক্ত করতে দিতে চায় না। তবে মেটা তাদের সবচেয়ে শক্তিশালী কৃত্রিম বুদ্ধিমত্তার মডেল বিনামূল্যেই দিয়ে দিচ্ছে। এললামা ২ নামের এই ওপেন সোর্স কৃত্রিম বুদ্ধিমত্তার প্রসঙ্গ আসায় অনেকেই অবাক। মেটার এখানে আসলে সুবিধা কোথায়?

মেটার এললামা চ্যাটজিপিটিকে টেক্কা দেওয়ার জন্য পর্যাপ্ত৷ আর যেহেতু এটি ওপেন সোর্স তাই একটি বড় প্রশ্নও রয়েছে। কে কৃত্রিম বুদ্ধিমত্তাটির নিয়ন্ত্রণ করবে ও ব্যবহারকারীরা এখানে নিরাপদ থাকবে কি-না এগুলো গুরুত্বপূর্ণ প্রশ্ন। কৃত্রিম বুদ্ধিমত্তা যতই উন্নত হচ্ছে ততই ঝুঁকি বাড়ছে৷ কিন্তু টেক কোম্পানিগুলো কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে ভিন্ন সিদ্ধান্ত নেওয়ার চেষ্টা করছে।

জাকারবার্গ সম্প্রতি মাইক্রোসফটের সিইও সত্য নাদেলের সঙ্গে একটি ছবি আপলোড করেন। এ সময় কৃত্রিম বুদ্ধিমত্তাকে ওপেন সোর্স করার সপক্ষে নিজের যুক্তি উপস্থাপন করেন। ফেসবুকে আলাদা একটি পোস্টে তিনি লেখেন, ‘কৃত্রিম বুদ্ধিমত্তায় অনেক ডেভেলপার কাজ করার সুযোগ পায় তাই এর অগ্রগতিও হয় দ্রুত। যখন সফটওয়ার উন্মুক্ত থাকে তখন মানুষ এর সমস্যা শনাক্ত করে দ্রুত সমাধানের চেষ্টা করে।’

তবে এর কিছু নেতিবাচকতাও রয়েছে। কৃত্রিম বুদ্ধিমত্তা একসময় মানুষকে হঠিয়ে সমস্যা তৈরি করতে পারে। এললামার প্রথম সংস্করণ আসার পরই আমরা দেখেছি কৃত্রিম বুদ্ধিমত্তা বিভিন্ন সময়ে বর্ণবাদি

লেখা দিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে ঘৃণা ছড়ায় ব্যাপকভাবে৷ বড় টেক কোম্পানিগুলোও বরাবরই একে বদ্ধ রাখার কারণ হিসেবে কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষতির কথা বলছে। মেটা জানাচ্ছে সব নিরাপত্তা নিশ্চিত করা হবে। তবে তারা এখনও টিচিং ডাটা উন্মুক্ত করেনি। সম্প্রতি আরেকটি গবেষণায় জানা গেছে, এ আই প্রচুর ডাটা চুরি করে। মেটার মতো কোম্পানির জন্য এটাও একে ওপেন সোর্স করার কারণ হতে পারে।

সূত্র: ইত্তেফাক

দুর্দান্ত পাঁচটি ফিচারে যাত্রা শুরু ভিভো ওয়াই ২৭

প্রতিদিনের সঙ্গী হিসেবে কেমন স্মার্টফোন আপনার পছন্দ? নিশ্চয়ই আকর্ষণীয় ডিজাইন, রুচিশীল রঙের সমাহার আর দারুণ পারফরমেন্স এমন স্মার্টফোনই চান! বাংলাদেশে যাত্রা শুরু করছে ডুয়েল ক্যামেরা মডিউল ডিজাইন এবং দুর্দান্ত রঙের সমন্বয়ে ভিভো ওয়াই২৭। দাম রাখা হয়েছে ২২ হাজার ৯৯৯ টাকা । প্রতিদিনের কাজে দারুণ অভিজ্ঞতা দেওয়ার পাশাপাশি স্টাইলিশ লুক দিতে এক্সপার্ট ভিভোর এই নতুন স্মার্টফোন। গ্লোবাল স্মার্টফোন নির্মাতা প্রতিষ্ঠান ভিভো ওয়াই সিরিজে এবছরের চতুর্থ স্মার্টফোন এটি।

কেন পছন্দের তালিকায় প্রথমেই রাখবেন ভিভো ওয়াই২৭? জেনে নিন এর গুরুত্বপূর্ণ ফিচারসমূহ।

রুচিশীল রঙ এবং মার্জিত ডিজাইন
রঙের ব্যাপারে তরুণরা বেশ রুচিশীল। তরুণদের এই পছন্দের কথা বিবেচনা করে স্মার্টফোনের রঙ নির্ধারণের ব্যাপারে বেশ দায়িত্বশীলতার পরিচয় দিয়েছে ভিভো। নতুন ভিভো ওয়াই২৭ এর ব্যাক সাইডে রঙে ক্ষেত্রেও তাই ব্যবহৃত হয়েছে কালো ও নীল রঙ যা মূলত বারগেন্ডি ব্ল্যাক এবং সি ব্লু নামে পরিচিত। বক্স আকারের ক্যামেরা ডিজাইনের বদলে ক্যামেরায় ব্যবহৃত হয়েছে চমৎকার সোনালি রঙের রিং। ডুয়েল ক্যামেরা মডিউল ডিজাইনের সোনালি রঙ আভিজাত্যের

প্রতীকও বটে।

শক্তিশালী ব্যাটারি ও চার্জিং ব্যবস্থা
এর ৪৪ ওয়াটের ফাস্ট চার্জিং ক্ষমতা সম্পন্ন টাইপ-সি ফ্ল্যাশ চার্জার দিয়ে পাঁচ হাজার মিলি অ্যাম্পিয়ারের ব্যাটারি চার্জ হবে দ্রুত। নেই ব্যাকগ্রাউন্ডে অ্যাপের কারণে চার্জ শেষ হবার ভয়। তাই স্মার্টফোনে এলার্ম দিয়ে নিশ্চিন্তে ঘুমাতে পারবেন। সারা রাত চার্জে দেওয়ার প্রয়োজন নেই। বরং ঘুম থেকে ওঠে চার্জে দিয়ে রেডি হতে হতেই মাত্র এক ঘন্টায় হবে ফুল চার্জ। উন্নত চার্জিং প্রযুক্তি ব্যবহার করায় এই স্মার্টফোনে চার্জ দ্রুত ফুল হলেও শেষ হবে না তাড়াতাড়ি। একবার ফুল চার্জেই টানা ক্লাসের রেকর্ড করা, বন্ধুদের কাছে থেকে নোট নেওয়া, প্রজেক্ট কিংবা প্রদর্শনীর কাজে ব্যবহার করা, বন্ধু এবং শিক্ষকদের সাথে সেরা মুহূর্তকে ক্যামেরাবন্দী করে রাখার কাজ হবে নিরবিচ্ছিন্ন। এমনকি ফোনের ব্রাইটনেস বাড়িয়ে রাখলেও তার প্রভাবে কম্বে না স্মার্টফোনের চার্জ।

চমৎকার ডিসপ্লে
২.৫ ডি কার্ভড ডিজাইনের স্কয়ার আকারের স্মার্টফোনটির বডি ডায়মেনশন ১৬৪.০৬ × ৭৬.১৭ × ৮.০৭ মিমি এবং ওজন মাত্র ১৯০ গ্রাম। ফলে বেশ ভালো এবং হালকা গ্রিপ পাওয়া যায়। বডি টু ডিসপ্লে রেশিও ভালো হওয়ায় এবং চিন এবং ব্যাজেল এর পরিমাণ কম হওয়ায় স্মার্টফোনটি খুব বেশি বড় মনে হবে না। এমনকি রাতে পাশাপাশি দিনের আলোতেও কোনো ঝামেলা ছাড়াই ব্যবহার করা যাবে ভিভো ওয়াই২৭। কারণ ২৩৮৮ × ১০৮০ রেজুলেশনের ৬.৬৪ ইঞ্চি ফুল এইচডিপ্লাস ডিসপ্লে রোদের আলোতেও ব্যবহার উপযোগী।

দুর্দান্ত সফটওয়্যার ও সুবিশাল স্টোরেজ
মিডিয়াটেক হেলিও জি৮৫ প্রসেসরের সাথে আপডেটেড ফানটাচ ওএস ১৩ অপারেটিং সিস্টেম স্মার্টফোনটির টাচ এবং স্ক্রলিং এ দেবে দারুণ অভিজ্ঞতা। প্রয়োজনীয় সকল অ্যাপ ডাউনলোড করা, অ্যাপ ডেটা সংরক্ষণ করা, এক সাথে হাজার হাজার ছবি তোলা, এইচডি ভিডিও করার সহজ করতে এখানে রয়েছে ৬ জিবি র্যাম। এক্সটেন্ডড র্যাম টেকনলোজি ৩.০ এর জন্য চাইলেই আরো ৬ জিবি র্যাম বাড়িয়ে নিতে পারেন। পাশাপাশি ১২৮ জিবি রম তো আছেই।

চমৎকার ক্যামেরা
৫০ মেগাপিক্সেল আল্ট্রা ক্লিয়ার ক্যামেরায় তোলা ছবির টোনালিটি

হবে অথেনটিক, ন্যাচারাল এবং এনার্জিটিক। এক্সপ্রেশন হবে জীবন্ত। ছবির বিষয়বস্তু থেকে পাওয়া যাবে এক ধরণের পজেটিভ ভাইভ। সাথে হাস্যোজ্জল সময়ের স্বাক্ষী হতে রয়েছে ৮ মেগাপিক্সেল ফ্রন্ট ক্যামেরা। পরিবার কিংবা বন্ধুতে সাথে কাটানো মুহূর্তগুলোর ছবি হবে দুর্দান্ত। পাশাপাশি পোর্ট্রটে মোড, নাইট মোড, প্যারানোমা, লাইভ ছবি, স্লো-মোশন, টাইম ল্যাপস ইত্যাদি ফিচার তো থাকছেই।
যুগের সাথে তাল মিলিয়ে এখন হতে হবে স্মার্ট। এই স্মার্ট হওয়ার শুরুটা হোক দুর্দান্ত ভিভো ওয়াই২৭ থেকে।

অর্ধেকে নেমে এসেছে থ্রেড ব্যবহারকারীর সংখ্যা

টুইটারের প্রধান প্রতিদ্বন্দ্বী হিসেবে চালু হয়েছে থ্রেড। চালু হওয়ার পরপরই সবাইকে তাক লাগিয়ে দেয় মাইক্রোব্লগিং প্লাটফর্মটি। চালু হওয়ার মাত্র পাঁচদিনের মাথায় থ্রেডের ব্যবহারকারীর সংখ্যা ১০০ মিলিয়ন অতিক্রম করে। কিন্তু এত ব্যবহারকারীর সংখ্যা যে ক্রমান্বয়ে কমে অর্ধেকে নেমে এসেছে তা স্বীকার করেছেন মার্ক জাকারবার্গ নিজেই।

তিনি বলেন, ‘পাঁচদিনে ব্যবহারকারীর সংখ্যা ১০০ মিলিয়ন পৌঁছে যাওয়ার অর্জনটি বড় নিঃসন্দেহে। সব ব্যবহারকারী যদি এ প্লাটফর্মে থাকে তাহলে তা চমৎকার কিছু হবে। সবাই না থাকলেও অন্তত অর্ধেক ব্যবহারকারীও যদি টিকে থাকে তাহলেও আমরা খুশি।’

এমন মন্তব্য মার্ক জাকারবার্গ থ্রেডের কর্মীদের জানিয়েছেন। সেই মন্তব্য রয়টার্সের বরাতে জানার সুযোগ পাওয়া গেছে। ব্যবহারকারী কমার বিষয়টি নিয়ে মেটার বস অবশ্য নারাজ নন। তিনি বিষয়টিকে স্বাভাবিকভাবেই দেখছেন। অ্যাপে কিছু সীমাবদ্ধতা থাকায় অনেকেই অ্যাপ থেকে সরে যাবেন এমনটা অনুমান করেছিলেন তিনি।

থ্রেড অ্যাপ উন্মুক্ত হওয়ার পর সামান্য ফাংশনালিটি রাখার অভিযোগ পাওয়া যাচ্ছিল। মেটা তখন থেকেই ‘ফলোয়িং’ আর ‘ফর ইউ’ এরকম দুটো

আলাদা ফিড তৈরি করে। ইনস্টাগ্রামের সঙ্গে এই প্লাটফর্মের গভীর সংযোগ রাখা হয়েছে। ব্যবহারকারীরা যেন ইনস্টাগ্রামে থাকার পাশাপাশি গুরুত্বপূর্ণ থ্রেড দেখতে পারে তার নিশ্চয়তা দেওয়ার চেষ্টা করা হয়। তবে ব্যবহারকারী কমলেও মেটার আর্থিক দৈন্য নেই। কোম্পানিটির আয় ঠিকই বেড়েছে। মেটাভার্সে তারা এত বিনিয়োগ করেও সফলতা পাচ্ছে না। কিন্তু চলতি বছর সামাজিক যোগাযোগমাধ্যমে মেটার আয় বেড়েছে।

সূত্র: ইত্তেফাক